

ALL INDIA RADIO, AGARTALA

Date: 09-04 -2026

Time: 07:35-07:40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Dharmanagar Bye Election Voting :

ধৰ্মনগৰ বিধানসভা আসনের জন্য আজ ভোট গ্রহণ। প্রার্থী রয়েছেন ৬ জন। সকাল ৭টা থেকে ভোট গ্রহণের পর্ব শুরু হয়ে গেছে। বিকেল ৫টা পর্যন্ত মোট ৪৬ হাজার ১৪২ জন বৈধ ভোটার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের ভাগ্য ইভিএম বন্দী করবেন। এখন এই ভোটারের সর্বশেষ পরিস্থিতি নিয়ে চলুন শোনা যাক আমাদের প্রতিনিধি রাহুল চন্দ্র লোধের প্রতিবেদন।

ধন্যবাদ

Dry Day

এডিসি নির্বাচনকে সামনে রেখে আগামীকাল থেকে ১২ এপ্রিল পর্যন্ত টানা তিনদিন ড্রাই ডে ঘোষণা করেছে পশ্চিম জেলা প্রশাসন। গতকাল পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডাঃ বিশাল কুমার জানিয়েছেন, ত্রিপুরা এক্সাইজ রুলস, ১৯৯০-এর বিধি অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্বাচনী প্রক্রিয়া নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ রাখতে এই তিন দিন 'ড্রাই ডে' হিসেবে কঠোরভাবে পালন করার নির্দেশ দেওয়া হয়েছে।

UNION CABINET DECISION:

কেন্দ্রীয় সরকার ২০২৬ সালের খরিফ মরসুমের জন্য ফসফেট ও পটাশিক সারের উপর পুষ্টি-ভিত্তিক ভর্তুকির হার অনুমোদন করেছে। নয়া দিল্লিতে গতকাল তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, ২০২৬ সালের খরিফ মরসুমের জন্য আনুমানিক প্রায় ৪১,৫৩৩ কোটি টাকা বাজেট সংস্থানের প্রয়োজন হবে।

তিনি বলেন, এই সিদ্ধান্তের ফলে কৃষকরা ভর্তুকিযুক্ত, সাশ্রয়কর এবং যুক্তিসঙ্গত মূল্যে সার পাবেন। ভারত সরকার প্রহ্লাদপুরা থেকে টোড়ি মোড় পর্যন্ত ৪১ কিলোমিটার দীর্ঘ জয়পুর মেট্রো ফেজ ২-এর অনুমোদনও দিয়েছে।

INDIA ON US-IRAN CEASEFIRE:

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে স্বাক্ষরিত যুদ্ধবিরতিকে ভারত স্বাগত জানিয়েছে। নয়াদিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলির ওপর পররাষ্ট্র মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল গতকাল বলেছেন, নয়াদিল্লি আশা করে যে এই যুদ্ধবিরতির কারণে পশ্চিম এশিয়ায় স্থায়ী শান্তি প্রতিষ্ঠিত হবে এবং হরমুজ প্রণালীর মাধ্যমে নৌচলাচল ও বিশ্বব্যাপী বাণিজ্যের অবাধ স্বাধীনতা নিশ্চিত হবে।

PWD press meet :

রাজ্যে বিভিন্ন রাস্তায় এবং রেল ট্র্যাকের উপর প্রায় ৫০টির বেশী ব্রিজ নির্মাণ করা হচ্ছে। গতকাল সন্ধ্যায় সচিবালয়ে সাংবাদিক সম্মেলন করে এই কথা জানিয়েছেন পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে। তিনি আরও জানান, কুমারঘাটের সোনাইমুড়ি থেকে তেলিয়াছড়া গ্রামে যাওয়ার জন্য মনু নদীর ওপর ১৪০ মিটার দৈর্ঘ্য সেতু নির্মাণের কাজ চলছে। গত তিন বছর ধরে এই সেতুর নির্মাণ কাজ চলছে। ৪টি স্প্যানের মধ্যে ইতিমধ্যেই ৩টি স্প্যানের নির্মাণ কাজ শেষ হয়েছে। শ্রী গিত্যে জানান, পূর্ত দপ্তর কাজের গুণগতমান এবং সাধারণ নাগরিকদের সুরক্ষার কথা মাথায় রেখেই সর্বদা কাজ করে থাকেন।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রীর সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। গত ২৪ ঘন্টায় পরিমাপযোগ্য বৃষ্টিপাত ছিল ১০ মিলিমিটার।
